দৈনিক ইত্তেফাক

তারিখ ... 14 JAN 1990
পৃষ্ঠা ... ৭ ... ৬

## ভার্সিটি অধ্যাদেশ সংশোধনের উদ্যোগ প্রতিরোধের আহ্বান

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ '৭৩ সংশোধনের উদ্যোগের প্রতিবাদে পূর্ব ঘোষিত কর্মসূচীর আওতায় ৯ ছাত্র সংগঠন গতকাল (শনিবার) অপরাজেয় বাংলার পাদদেশে এক ছাত্র সমাবেশের আয়োজন

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ভার্সিটি অধ্যাদেশ

( ১ম পৃঃ পর )

করে। আখতার সোবহান মাসরুরের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সমাবেশে ডাকসুর জি,এস মুশতাক হোসেন, মোস্তফা ফারুক ও শফি আহমেদ বক্তৃতা করেন। সভায় ঢাকা বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ '৭৩ সংশোধনের বিরুদ্ধে প্রতিরোধ ও সকল বিশ্ববিদ্যালয়ে স্বায়ত্তশাসন প্রদানের আন্দোলন গড়িয়া তোলার জন্য সংশ্লিষ্ট মহলের প্রতি আহ্বান জানানো হয়। একই দাবীতে আজ (রবিবার) বুয়েট ক্যাম্পাসে ছাত্র-সমাবেশ অনুষ্ঠিত হইবে।